# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. বসে সালাত আদায় করা

باب فِي صَلاَةِ الْقَاعِدِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ يَزِيدَ، وَأَبِي النَّضْرِ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَائِشَةَ، زَوْجِ النَّبِيِّ صلي الله عليه وسلم أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ يُصَلِّي جَالِسًا فَيَقْرَأُ وَهُوَ جَالِسٌ وَإِذَا بَقِيَ مِنْ قِرَاءَتِهِ قَدْرُ مَا يَكُونُ ثَلاَثِينَ أَوْ أَرْبَعِينَ آيَةً قَامَ فَقَرَأَهَا وَهُوَ قَائِمٌ ثُمَّ رَكَعَ ثُمَّ سَجَدَ ثُمَّ يَفْعَلُ فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ مِثْلَ ذَلِكَ .

ـ صحيح : ق

قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ عَلْقَمَةُ بْنُ وَقَّاصٍ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم نَحْوَهُ .

বাংলা

৯৫৪। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসে সালাত আদায়কালে ক্বিরাআতও বসে পড়তেন। যখন ক্বিরাআতের ত্রিশ বা চল্লিশ আয়াত বাকী থাকতো তখন উঠে দাঁড়িয়ে তা পাঠ করতেন, এরপর রুকূ’ ও সিজদ্ করতেন এবং দ্বিতীয় রাক’আতেও অনুরূপ করতেন।[1]

সহীহ : বুখারীও মুসলিম।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ হাদীসটি ’আলকামাহ ইবনু ওয়াক্কাস (রহঃ) ’আয়িশাহ্ (রাঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন।

## English

‘A’ishah, wife of the prophet (ﷺ), said:

when the prophet (ﷺ) prayed sitting, he recited the Quran in sitting condition. When the amount of his recitation remained about thirty or forty verses he stood up and recited them standing. He then bowed and prostrated and then did so in the second Rak’ah of the prayer.

Abu Dawud said: 'Alqamah b. Waqqas narrated this tradition on the authority of 'Aishah from the Prophet (ﷺ) to the same effect.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত ক্বাসর করা, অনুঃ বসে সালাত আদায়কারী সুস্থ হয়ে গেলে কিংবা একটু হালকাবোধ করলে বাকী সালাত [দাঁড়িয়ে] পূর্ণভাবে আদায় করবে, হাঃ ১১১৯), মুসলিম (অধ্যায় : মুসাফিরদের সালাত, অনুঃ নফল সালাত দাঁড়িয়ে এবং বসে আদায় করা জায়িয)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন